গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সাব-রেজিস্ট্রারের কার্যালয়
সাটুরিয়া,মানিকগঞ্জ।
www.sr.saturia.manikganj.gov.bd

তারিখঃ-১৪/০৬/২০২৬ খ্রি.

স্মারক নং-৯৭

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,মাননীয় মহা-পরিদর্শক,নিবন্ধন,নিবন্ধন অধিদপ্তর,বাংলাদেশ,ঢাকার গত ০৪/০৫/২০২৬খ্রি. তারিখের ১০.০৫.০০০০.০০৫.২৭.০০৫.২৬-১২০(১৫) নং স্মারকাদেশ এবং জেলা রেজিস্ট্রার,মানিকগঞ্জ মহোদয়ের ০৬/০৫/২০২৬খ্রি. তারিখের ২৭৫(৮) স্মারকাদেশের নির্দেশনা মোতাবেক দাবিবিহীন দলিলসমূহ বিনষ্ট করার অনুমোদন প্রদান করেছেন। উক্ত অনুমোদন অনুযায়ী, নিবন্ধন আইন, ১৯০৮ (১৯০৮ সনের ১৬ নং) এর ধারা-৮৫ অনুসরণপূর্বক অত্র কার্যালয়ের ২০২৩ সনের ২৬৫০ নং দলিল পর্যন্ত এবং এর পূর্বের সনের নিবন্ধীকরণ কার্য সমাপ্তকৃত (নকল ও সূচিকার্য সম্পন্ন) উইল বা অছিয়ত ব্যতিত দাবিবিহীন দলিলসমূহ(রেজিস্ট্রিকৃত ও অগ্রাহ্যকৃত উভয় প্রকার) বিনষ্ট করা হবে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল পক্ষ বা দলিল গ্রহীতাদের আগামী ২৬/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ৫২(১)(খ) ধারার মূল রশিদ (দলিল রেজিস্ট্রির সময় প্রাপ্ত মূল রশিদ) দাখিল করে স্ব-স্ব মূল দলিল অত্র কার্যালয় থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

উক্ত নির্ধারিত সময়সীমা পার হওয়ার পর, দাবিবিহীন দলিলসমূহ নিবন্ধন ম্যানুয়াল,২০১৪ এর ৪র্থ খন্ডের বিধিবদ্ধ আদেশ-১০ অনুযায়ী দাবিবিহীন দলিল বিনষ্ট করে ফেলা হবে। নির্ধারিত সময়ের পর মূল রশিদ দাখিল করলে ও মূল দলিল না পাওয়ার বিষয়ে আর কোনো আপত্তি বা দাবি কোনো অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।

বিশেষ দ্রষ্টব্যঃ- যদি কোনো দলিল গ্রহীতার মূল রশিদ হারিয়ে গিয়ে থাকে বা খুঁজে না পাওয়া যায়,তবে তাকে দ্রুত সময়ের মধ্যে বিধি মোতাবেক প্রয়োজনীয় আইনি পদক্ষেপ গ্রহণপূর্বক অত্র কার্যালয়ে যোগাযোগ করার জন্য পরামর্শ দেওয়া হলো।

জ্ঞাতার্থে

(মোছাঃ মাহমুদা খাতুন)
সাব-রেজিস্ট্রার
সাটুরিয়া,মানিকগঞ্জ।
মোবাঃ-০১৭২৩-০০৭২০৭
Email: mkshirin.00@gmail.com

স্মারক নং- ৯৭(৩৬) তারিখঃ-১৪/০৬/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। জেলা প্রশাসক,মানিকগঞ্জ।
২। জেলা রেজিস্ট্রার,মানিকগঞ্জ (মহোদয়ের সদয় অবগতি ও বহুল প্রচারের লক্ষ্যে তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধসহ)।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),মানিকগঞ্জ।
৪। জেলা তথ্য অফিসার,মানিকগঞ্জ।
৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা,সাটুরিয়া,মানিকগঞ্জ (মহোদয়ের সদয় অবগতি ও বহুল প্রচারের লক্ষ্যে তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধসহ)।
৬। সহকারী কমিশনার (ভূমি),সাটুরিয়া,মানিকগঞ্জ (সদয় অবগতি ও বহুল প্রচারের লক্ষ্যে তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধসহ)।
৭। অফিসার ইনচার্জ (থানা),সাটুরিয়া,মানিকগঞ্জ।
৮। প্রশাসক,উপজেলা পরিষদ,সাটুরিয়া,মানিকগঞ্জ (সদয় অবগতি ও বহুল প্রচারের লক্ষ্যে তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধসহ)।
৯। চেয়ারম্যান/প্রশাসক,১/২/৩/৪/৫/৬/৭/৮/৯ নং ইউনিয়ন পরিষদ,সাটুরিয়া,মানিকগঞ্জ ( তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের এবং গ্রাম পুলিশের মাধ্যমে প্রতিটি ইউনিয়নে বহুল প্রচারের অনুরোধসহ)।
১০। ব্যবস্থাপক, সোনালী/অগ্রণী/ইসলামী/ডাচ-বাংলা/এনআরবিসি/এনআরবি/কৃষি/রুপালী/আইএফআইসি/ন্যাশনাল/বাংলাদেশ ডেভেলপমেন্ট/শাহ জালাল/উত্তরা/ব্র্যাক/এক্সিম/যমুনা/ব্যাংক এশিয়া সাটুরিয়া শাখা,মানিকগঞ্জ (ব্যাংক স্বার্থ সংশ্লিষ্ট দলিলসমূহ উত্তোলনের জন্য অনুরোধ করা হলো)।
১১। সভাপতি/সাধারণ সম্পাদক,দলিল লেখক সমিতি,সাটুরিয়া,মানিকগঞ্জ ( অত্র কার্যালয়ের সকল দলিল লেখকগণকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।
১২। অফিস কপি।

(মোছাঃ মাহমুদা খাতুন)
সাব-রেজিস্ট্রার
সাটুরিয়া,মানিকগঞ্জ।
মোবাঃ-০১৭২৩-০০৭২০৭
Email: mkshirin.00@gmail.com